প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

TESS India

সৃজনশীল কলার মাধ্যমে ইংরেজি শেখা

Learning English in the creative arts

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERs কে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । র্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড রকা যায়। অন্যথায় আপনি একি সিডি বা মেমরি কার্ডেভিডিওগুলি পেতে পারনে।

সংস্করণ 1.0 EE11v1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটি চারু শিল্প, কারুশিল্প এবং নাটকের মাধ্যমে কীভাবে ইংরেজী শেখা যায় সে বিষয়ে সন্ধান দেয়।

সৃজনশীল কাজগুলি ইংরেজী শিক্ষাকে মজাদার ও আকর্ষনীয় করে। যে কোন স্তরের শিক্ষার্থীরাই নতুন কিছু গড়তে ও সক্রিয় থাকতে ভালবাসে। শিক্ষার্থীদের শিল্পকলা, হস্তশিল্প ও নাটকের সঙ্গে ইংরেজীকে যুক্ত করতে পারলে, তারা তাদের ভাবনাগুলি ইংরেজীতে প্রকাশ করতে ভীষণ ভাবে অনুপ্রাণিত হয়। এই ধরনের অ্যাক্টিভিটিগুলি আপনি শিক্ষার্থীদের সঙ্গে অনুশীলন করতে পারেন, যার মাধ্যমে আপনার নিজস্ব ভাষা দক্ষতার উন্নতি ঘটাতে পারবেন।

এই ইউনিটটি, কীভাবে আপনার ইংরেজি পাঠ্যবইটি সৃজনশীল কার্যকলাপের সম্পদ হতে পারে যেগুলি ভাষা শিক্ষাকে উৎসাহিত ও বিস্তৃত করতে পারে, তা নির্দেশ করে। এই ইউনিটের মধ্যে দিয়ে আমরা দেখতে পারবো আপনার ইংরেজী পাঠ্যপুস্তকটি কীভাবে সৃজনশীল কাজের সম্পদ হয়ে উঠতে পারে যার মধ্যে দিয়ে ভাষা শিক্ষা উৎসাহিত ও আরও বিস্তৃত হতে পারে।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ইংরেজি ভাষা শেখাকে উদ্দীপিত করতে চারুশিল্প এবং কারুশিল্পের ব্যবহার ।
- ইংরেজি ভাষা শিক্ষাকে উদ্দীপিত করতে নাটক এবং ভূমিকায়ণ ব্যবহার করা।
- পাঠ্যবইয়ের থেকে গৃহীত চারুশিল্প, কারুশিল্প এবং নাটকের অ্যাক্টিভিটিগুলিকে উন্নত করা।

1 ইংরেজি ভাষা শেখাকে উদ্দীপিত করতে চারুশিল্প এবং কারুশিল্পের ব্যবহার

সৃজনশীল কাজের অধ্যায়গুলি হল শিক্ষার্থীদের জন্য হাতে কলমে এবং সক্রিয় শিক্ষা। এই পর্যায়গুলিতে ব্যবহৃত এবং লব্ধ অভিজ্ঞতা মনে রাখার মত হতে পারে। প্রথম কেস স্টাডিতে, চারুশিল্প ও কারুশিল্প অধ্যায়গুলিতে শিক্ষার্থীরা সাধারণত কীভাবে ভাষা ব্যবহার করে তা শিক্ষক খেয়াল করেন এবং এই অ্যাক্টিভিটিগুলিতে ইংরেজি সমন্বিত করার বিষয়ে সিদ্ধান্ত নেন।



চারুশিল্প এবং কারুশিল্প পাঠগুলির ভাষা

কেস স্টাডি 1: শ্রীমতি পূজা ইংরেজিতে কথন দক্ষতা উন্নতি করার জন্য শিল্প ব্যবহার করেন

শ্রীমতি পূজা পঞ্চম শ্রেণিতে নতুন একজন শিক্ষিকা, যিনি ইংরেজি শেখানোর ব্যাপারে খুব একটা আত্মবিশ্বাসী ছিলেন না। তার চাকুরী-পূর্ব শিক্ষক প্রশিক্ষণের সময় তিনি বাংলাতে শিক্ষাদান করেছিলেন, কিন্তু 'ইংরেজি ভাষায় শিক্ষাদানকে তার বিষয়বস্তু হিসেবে বেছে নেননি।

আমার সমীক্ষা দেখিয়েছিল যে, খুব কম শিক্ষার্থীই প্রথম শ্রেণি থেকে ইংরেজি শিখেছে। যখন আমি দেখলাম যে, শিক্ষার্থীরা চারুশিল্প এবং কারুশিল্প কার্যকলাপের সময় বাংলা শিখছে তখন আমি আমার চাকুরী-পূর্ব শিক্ষক প্রশিক্ষণের কথা ভাবছিলাম। আমি ইংরেজি শিক্ষার জন্যও একই কৌশলে চেষ্টা করব বলে ঠিক করলাম।

আমার ইংরেজি পাঠ্যবই থেকে, আমি একটা গল্প পছন্দ করলাম যার মধ্যে অনেক পশু চরিত্র ছিল। আমি শিক্ষার্থীদের গল্পের পশুদের মতো মুখোশ এবং পোষাক বানাতে দিয়েছিলাম।

শিক্ষার্থীরা তাদের মুখোশ এবং পোষাক তৈরি করতে শুরু করার আগেই, আমি বোর্ডে কিছু ইংরেজি শব্দভান্ডার লিখে দিলাম।

- **Art words:** 'colour', 'cut', 'paste', 'material', 'paint', 'draw', 'shape'.
- **Animals:** 'monkey', 'tiger', 'deer', 'pig', 'frog', 'fish'.
- **Adjectives:** 'old', 'young', 'small', 'big', 'bright', 'dark', 'brown', 'orange', 'black', 'green', 'striped', 'slippery', 'shiny'.

আমি শিক্ষার্থীদের আমার মতো করে শব্দগুলি পুনরায় ইংরেজিতে বলতে বললাম। তাদের বোধগম্যতার বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য আমি পাঠ্যবইয়ের ছবিগুলি এবং আমার দেহভঙ্গিমা ব্যবহার করেছিলাম।

যখন শিক্ষার্থীরা তাদের মুখোশ এবং পোষাকগুলির ওপর কাজ করছিল, আমি তাদের আমার সঙ্গে এবং নিজেদের মধ্যে যত বেশি সম্ভব ইংরেজি শব্দ ব্যবহার করতে উৎসাহিত করেছিলাম। এমনকি তাদের কাজের সময় কোন বিষয়ে পরামর্শ, সম্মতি বা অসম্মতি এবং ব্যাখ্যার জন্যও ইংরেজী ব্যবহার করেছিলাম। উদাহরণস্বরূপ:

- 'Try this …'
- 'That's a good idea!'
- 'Is it hard or soft?'
- 'What colour is this?'
- 'Please give him/her the paint.'
- 'It's very beautiful!'
- 'I like it very much!'
- 'Do you like it?'
- 'Show me … Show [other student's name].'

যখন আমার শিক্ষার্থীরা ইংরেজিতে কোন শব্দ বা বাক্য বুঝতে পারত না, আমি অবশ্যই সেটি পুনরায় বাংলাতে বলতাম। যখন শিক্ষার্থীরা মুখোশ এবং পোষাকগুলি বানিয়েছে, তখন আমি তাদের আমার সাথে এবং নিজেদের মধ্যে ইংরেজি বাক্য বলতে উৎসাহিত করতাম। আমার নিজের ভাষা দক্ষতার উন্নতির জন্য এটা লাভদায়ক ছিল।

কাজের শেষে আমি শিক্ষার্থীদের নিজেদের খাতায় তাদের তৈরি মুখোশ ও পোষাক সম্পর্কে ইংরেজীতে শব্দ ও বাক্য লিখতে বলেছিলাম।

উদাহরণস্বরূপ:

- 'My mask is red and orange. It is a lion.'
- 'My costume is shiny and green. I am a crocodile.'

তাদের খাতা সংশোধন করার সময় আমি লক্ষ্য করেছিলাম যে, সব শিক্ষার্থী লেখার চেষ্টা করেছিল, এমনকি সেও, যার মধ্যে ডিসলেক্সিয়ার লক্ষণ ধরা পড়েছিল।

চিন্তার জন্য সাময়িক বিরতি

শ্রীমতি পূজা শিক্ষার্থীদের জন্য কোন বিষয়টি কাজে লাগছে সেটার উপর নজর রেখেছিলেন এবং পর্যবেক্ষণের ভিত্তিতে তার নিজের অভ্যাসের উন্নয়ন করেছিলেন। আপনার কি মনে হয় শ্রীমতি পূজার শিল্প এবং কারুশিল্প শিক্ষায় শিক্ষার্থীদের ইংরেজী ভাষার ক্ষমতা যাচাই করার জন্য ভালো সুযোগ ছিল?

শ্রীমতি পূজার শিক্ষার্থীরা মুখোশ এবং পোষাক নিয়ে লেখার বা সামর্থ্য প্রকাশে আর কি কি করতে পারত বলে আপনার মনে হয়?

চারুশিল্প এবং কারুশিল্প সংক্রান্ত পাঠে, কীভাবে আপনার শিক্ষার্থীরা আপনার সঙ্গে এবং একে অপরের সঙ্গে কথা বলে? তারা কি প্রশ্ন জিজ্ঞেস করে, নির্দেশ অনুসরণ করে এবং তাদের পরিকল্পনাগুলি এবং তাদের কাজের ফলাফল বর্ণনা করে? তারা কি বিশেষ শব্দভান্ডার ব্যবহার করে? আপনি কীভাবে এটাকে ইংরেজি ভাষার শিক্ষার জন্য ব্যবহার করবেন?

চারুশিল্প এবং কারুশিল্প বিষয়ে পাঠগুলির সমস্ত শিক্ষার্থীদের, এমনকি শেখায় অক্ষম শিক্ষার্থীদেরও অন্তর্ভুক্ত করার ক্ষমতা আছে। ইউনিটের পরবর্তী অংশ আপনাকে চারুশিল্প এবং কারুশিল্প ব্যবহার করে কীভাবে ইংরেজী শিখন শিক্ষন প্রক্রিয়া পরিচালনা করবেন, সে বিষয়ে তথ্য দেয়।

'চিন্তাভাবনার উন্নয়নে প্রশ্নের ব্যবহার' পাঠে আলোচনা ও মিথস্ক্রিয়ার গুরুত্ব সম্পর্কে আরও জানতে দেখুন
ব্যবহারযোগ্য সম্পদ -1

অ্যাক্টিভিটি 1: আপনার পাঠ্যবই, চারুশিল্প এবং কারুশিল্প – একটি পরিকল্পিত অ্যাক্টিভিটি

আপনার ইংরেজি পাঠ্যবই থেকে একটি পাঠ বাছাই করুন – এটি একটি গল্প, একটি কবিতা বা একটি বিবরণ হতে পারে। অন্যান্য শিক্ষকদের সঙ্গে চারুশিল্প এবং কারুশিল্পের কার্যকলাপের জন্য আপনার ভাবনাগুলি লিখুন, যেগুলি এই পাঠে অন্তর্ভুক্ত করা যেতে পারে। আপনি চারুশিল্প, কারুশিল্প বা নাটকের শিক্ষকের কাছে পরামর্শ চাইতে পারেন। কিছু ভাবনা যা অন্তর্ভূক্ত হতে পারে :

- চরিত্রগুলির জন্য পুতুল, মুখোশ বা পোষাক তৈরি করা
- দৃশ্য বা চরিত্র অঙ্কন বা চিত্রায়ণ করা
- মাটির পুতুল তৈরি বা বাড়ি-ঘর বা পরিবেশের নির্মাণ
- ফেলে দেওয়া বা সংগৃহীত উপকরণের সাহায্যে অভিনয়ের জন্য সাজ-সরঞ্জাম তৈরি
- দৃশ্যপট বা দেওয়াল চিত্র-এর জন্য একটি বড় ছবি আঁকা
- একটি কোলাজ তৈরি করা

- বয়ন।

এখন ইংরেজি পাঠের বিস্তার করতে যে কোনো একটি চারুশিল্পের বা কারুশিল্পের ধরণ বেছে নিন।

শিক্ষার্থীদের সঙ্গে কার্যকলাপে ব্যবহারের জন্য ইংরেজি শব্দগুলি বা বাক্যগুলি ভাবুন। এগুলির অন্তর্ভুক্ত হতে পারে:

- শিল্প এবং কর্ম-নির্দিষ্ট ভাষা, উদাহরণস্বরুপ 'cut', 'paste', 'paper', 'paint', 'draw', 'clay' …
- বর্ণনামূলক ভাষা, উদাহরণস্বরূপ bright', 'dark', 'red', 'blue', 'beautiful' …
- নির্দেশাত্মক ভাষা এবং অভিমুখগুলি, উদাহরণস্বরুপ watch', 'look', 'first', 'next', 'now you need to', 'slowly', 'carefully' …
- মূল্যায়নভিত্তিক মন্তব্যগুলি, উদাহরণস্বরুপ 'Do you like it?', 'What do you think?', 'Is it nice?' …

সেই ইংরেজি শব্দগুলি লিখুন যেগুলি আপনি পাঠটিতে ব্যবহার করবেন। এই শব্দগুলি এবং বাক্যগুলি অভ্যাস করুন।

সেই ইংরেজী শব্দগুলি লিখুন, যেগুলি আপনি চান যে, আপনার শিক্ষার্থীরা এই পাঠে ব্যবহার করুক।

আপনার ভাবনাগুলি সহশিক্ষকদের সঙ্গে বা আপনার প্রধান শিক্ষকের সঙ্গে আলোচনা করুন।

অ্যাক্টিভিটি 2-তে, আপনি আপনার পরিকল্পিত পাঠটির প্রয়োগ করবেন।

পঃবঃ সরকার প্রণীত Butterfly Book-4 Lesson-8, 2 (পঃ বঃ প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রণীত)

অ্যাক্টিভিটি 2: চারুশিল্প বা কারুশিল্প পাঠে ইংরেজির ব্যবহার

শিক্ষার্থীদের জানান যে, আপনি আশা করেন যে চারুশিল্প এবং কারুশিল্প কার্যকলাপে তারা ইংরেজি ভাষার ব্যবহার করবে।পাঠে প্রয়োজনীয় উপকরণগুলি এবং যন্ত্রপাতিগুলি ইংরেজিতে লেবেল করুন। যখন দলে কাজ করছেন তখন শিক্ষার্থীদের সহজ বাক্য ব্যবহার করতে শেখান, যেমন:

- 'Please give me _____?'
- 'Will you please pass the _____?'
- 'May I take _____?'

ইংরেজিতে নির্দেশ দিন এবং পুনরাবৃত্তি করুন। কেস স্টাডি 1 এর শিক্ষকের মত, সেই ইংরেজিটি অনুসরণ করুন যেভাবে আপনি আপনার শিক্ষার্থীদের দিয়ে ব্যবহার করাতে চান। বিবরণ দিতে, প্রশংসা করতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে ইংরেজি ব্যবহার করুন। শিক্ষার্থীরা যখন কাজ করছে, তখন শ্রেণিতে ঘুরে তাদের পর্যবেক্ষণ করুন এবং যে ইংরেজি তারা ব্যবহার করছে তা সঠিকভাবে ব্যবহারে সহায়তা করুন।

আপনি শিক্ষার্থীদের ইংরেজি ব্যবহারের প্রচেষ্টাকে মূল্যায়ন করতে পারেন। টেবিল 1-এ যা প্রস্তাবিত হয়েছে, তেমন একটি সরল চেক্ লিষ্ট ব্যবহার করুন।

টেবিল 1 *শিক্ষার্থীদের ইংরেজি ব্যবহারের জন্য* চেক্ লিষ্ট।

শিক্ষার্থীর নাম	প্রায়শই ইংরেজি ব্যবহার করে	মাঝে মাঝে ইংরেজি ব্যবহার করে	এখনও ইংরেজী ব্যবহারের চেষ্টা করেনি

চারুশিল্প এবং কারুশিল্প অধ্যায়ে যে ইংরেজি তারা শিখবে সেগুলি ব্যবহার করতে উৎসাহিত করুন। এটা ইংরেজিকে বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করতে তাদের আত্মবিশ্বাস বাড়াবে।

2 শিল্প, কথা বলা এবং লেখা

এখন নিজের জন্য এই অ্যাক্টিভিটিগুলি চেষ্টা করুন।

অ্যাক্টিভিটি 3: শিল্প, কথা বলা এবং লেখা

শিল্প, ভাষা শিক্ষা এবং ভাষা অনুশীলনকে উদ্দীপিত করতে পারে। ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের আঁকা এই দুটি চিত্রকে দেখুন। শিক্ষক তার শিক্ষার্থীদের তাদের চিত্রগুলি ব্যাখ্যা করতে বলেছিলেন। শিক্ষক এই বিবরণগুলিকে বাংলা এবং ইংরেজিতে অনুবাদ করেছিলেন এবং ছবির সঙ্গে দ্বিভাষিক পঠন অনুচ্ছেদগুলি সৃষ্টি করেছিলেন। শিক্ষার্থীরা ভাষা পাঠে অনুচ্ছেদগুলি পাঠ করতে অভ্যাস করেছিল।

শিক্ষক তারপর বিবরণের প্রতিলিপিগুলি ব্যবহার করে পরবর্তী পঠন এবং লিখন অ্যাক্টিভিটি সৃষ্টি করেছিলেন। নিজেই এটা চেষ্টা করুন।

চিত্রটি দেখুন [চিত্র 1]

চিত্র 1 VI শ্রেণির একটি শিক্ষার্থীর অঙ্কিত একটি চিত্র

নীচের বাক্সের মধ্যে দেওয়া শব্দগুলি দিয়ে অনুচ্ছেদটির মধ্যের শূন্যস্থানগুলি পূর্ণ করুন।

On the right side _____ a man is standing near a big bin. On the _____ there is a woman. She _____ doing some work. There are children playing _____ their parents. The house _____ it belongs to this family. By the river _____ many trees. The sky _____ and the trees _____.

seems to be	left side	looks like	there is
is blue	are green	near	there are

এখন দ্বিতীয় চিত্রটি দেখুন [চিত্র 3]।

চিত্র 2 ষষ্ঠ শ্রেণির একটি শিক্ষার্থীর আঁকা আরও একটি চিত্র

ইংরেজিতে চিত্রটির ব্যাপারে একটি ছোট অনুচ্ছেদ লিখুন এবং অনুচ্ছেদটি জোরে জোরে পড়ুন।

এখন আপনার লেখায় বাদ দিতে এবং চিহ্নিত করতে অনুচ্ছেদটির মধ্যে কিছু শব্দ এবং শব্দবন্ধ বাছাই করুন।

আপনি কীভাবে কম বয়সের এবং বেশি বয়স্কদের শ্রেণিগুলির জন্য এই অ্যাক্টিভিটিটি অভিযোজিত করবেন?

অ্যাক্টিভিটি 4: শিল্প, কথা বলা এবং লেখা – একটি পরিকল্পিত অ্যাক্টিভিটি

পূর্বের অ্যাক্টিভিটিগুলিকে পথপ্রদর্শক হিসেবে ব্যবহার করে, শিক্ষার্থীদের তৈরি করা চিত্রগুলি ব্যবহার করে একটি অনুশীলনী প্রস্তুত করুন, যেটি আপনার শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতা উন্নয়নে সাহায্য করবে। যদি আপনার কাছে আপনার শিক্ষার্থীদের বানানো চিত্র না থাকে তাহলে আপনি কোন পত্রিকা, সংবাদপত্র বা ক্যাটালগ (Catalogue) থেকে ছবি নিয়ে ব্যবহার করতে পারেন।

এই অ্যাক্টিভিটিটির বাস্তবায়ন করতে আপনার যা যা পদক্ষেপ নেওয়ার প্রয়োজন হবে সেগুলির একটি তালিকা তৈরি করুন।

আপনি কি এটাকে একটি বা দুটি পাঠে সমাধান করবেন?

এখন আপনার শিক্ষার্থীদের সঙ্গে অ্যাক্টিভিটিগুলি সম্পন্ন করুন। তারা কি এটা উপভোগ করছিল? সব শিক্ষার্থীরা কি অংশগ্রহণ

করেছিল? আপনি কি এমন কোন শিক্ষার্থীকে লক্ষ্য করেছেন, যে অংশগ্রহণ করেনি?

এই ধরনের শিল্প অ্যাক্টিভিটি শিক্ষার্থীদের ইংরেজিতে বলতে এবং লিখতে উৎসাহিত করে। এই ধরণের অ্যাক্টিভিটিগুলি শিক্ষার্থীদের মধ্যে ভীতিপ্রদর্শন এবং সামাজিক গোঁড়ামিগুলির সম্বন্ধে নির্ভীকভাবে বলতে এবং লিখতেও সাহায্য করতে পারে। উদাহরণস্বরূপ, একজন শিক্ষক তার শিক্ষার্থীদের বড় করে আঁকা 'রান্নাঘরে ব্যস্ত মহিলা এবং সংবাদপত্র পাঠরত পুরুষ' জাতীয় ছবি দেখিয়ে তাদের লিঙ্গ বিভেদের ব্যাপারে ধারণা দিতে পারেন।

3 ইংরেজি ভাষা শিক্ষাকে উজ্জীবিত করতে নাটক এবং চরিত্রাভিনয়ের ব্যবহারঃ

নাটকের অ্যাক্টিভিটিগুলিও শিক্ষার্থীদের ইংরেজি বলতে এবং অনুশীলন করতে উৎসাহিত করে। ভাষার পাঠ্যবইয়ের কোন পাঠের নাট্যরূপ ইংরেজি শিক্ষাদানের জন্য একটি খুব ভালো পদ্ধতি। আপনি দ্বিধাগ্রস্ত হতে পারেন, কারণ হয়ত আপনার নাটক বা থিয়েটারে কোন প্রশিক্ষণ নেই। কিন্তু শ্রেণিতে নাটক ব্যবহার করার জন্য আপনার কোন বিশেষজ্ঞ হওয়ার প্রয়োজন নেই, যা পরবর্তী কেস স্টাডিটি আপনাকে দেখাবে।

কেস স্টাডি 2: শ্রীমতি শালিনী পাঠ্যবই থেকে নাটক তৈরি করেন

শ্রীমতি শালিনী একজন চতুর্থ শ্রেণির শিক্ষিকা।

আমি একটা ছোট এবং সরল অধ্যায় বেছে নিয়েছিলাম, যেখানে একটি ছেলে তার বন্ধুদের কাছে সে কত দূরে তীর ছুঁড়তে পারে সেই নিয়ে একটির পর একটি গর্ব করে যাচ্ছিল। আমি এটা বাছাই করেছিলাম কারণ এখানে চরিত্র ও তাদের সংলাপ প্রস্তুত ছিল এবং শিক্ষার্থীরা এটা ভালো করে জানত।

প্রথমে যে শব্দগুলি শিক্ষার্থীরা ইতোমধ্যেই জানত, আমি সেই শব্দগুলির ওপর জোর দিয়ে ইংরেজিতে গল্পটা বললাম, যেমন 'friend', 'laughing', 'mine', 'lucky' এবং 'quietly'. যখন আমি গল্পটি বলেছিলাম, তখন আমি শিক্ষার্থীদের আমার সাথে যোগদান করতে উৎসাহিত করেছিলাম।

তারপর আমি শিক্ষার্থীদের বললাম যে, তারা এই গল্পটির ওপর ভিত্তি করে একটি নাটক করবে। শিক্ষার্থীরা অত্যন্ত উত্তেজিত ছিল কারন তারা এর আগে কোন নাটক করে নি।

আমি ব্যাখ্যা করে বোঝালাম যে, প্রত্যেক শিক্ষার্থীদের জন্য একটি চরিত্র থাকবে। আমি কিছু নতুন চরিত্র সৃষ্টি করলাম: ছেলেটির আরও কিছু বন্ধু, একজন রাজা ও একজন রাণী। আমি শিক্ষার্থীদের তাদের ধারণাগুলি জানতে চাইলাম, এবং তারা নতুন নতুন চরিত্র যেমন একজন ডাক্তার, একজন শিক্ষক, একজন রাজকন্যা, একজন চিত্রাভিনেতা এবং একটি দৈত্যের চরিত্রের প্রস্তাব করল।

আমার শিক্ষার্থীরা তাদের সামর্থ্য মত যতটা ইংরেজি তারা ব্যবহার করতে পারে, সেই অনুযায়ী জোড়ায় জোড়ায় নিজেদের চরিত্রের জন্য তাৎক্ষনিকভাবে সংলাপ তৈরি করল। শিক্ষার্থীরা বিভিন্ন শব্দাবলী এবং বাক্যাংশ গঠন করতে চেষ্টা করেছিল। আমি তাদের সেই ইংরেজি শব্দগুলি ব্যবহার করতে শুনে অবাক হয়েছিলাম, যেগুলি কখনও শ্রেণিতে শেখানো হয় নি। ধরে নিন, একজোড়া শিক্ষার্থী গল্পের চরিত্রগুলির থেকে এই সংলাপটি তৈরি করেছে।

- 'That is very bad! Such a small way!'
- 'No! Look! Watch me, I will do better!'

কিছু শিক্ষার্থী ইংরেজি সংলাপ তৈরিতে কম আত্মবিশ্বাসী ছিল। আমি তাদের সাথে বাংলা এবং ইংরেজিতে আলোচনা করেছিলাম, কীভাবে বিভিন্ন পথে তারা তাদের ভাবনাগুলি ইংরেজীতে প্রকাশ করতে পারে।

যখন শিক্ষার্থীরা তাদের সংলাপগুলি অভ্যাস করে খুশি হত, আমি তাদের প্রত্যেককে তাদের লাইনগুলি, আরও অভিব্যক্তি এবং দেহভঙ্গি সহ অভ্যাস করাতাম। আমি তাদের নিখুঁতভাবে উচ্চারণ করার ওপর জোর দিই নি। যখন শিক্ষার্থীরা অনুশীলন করত, আমি তাদের ইংরেজি ব্যবহার এবং আত্মবিশ্বাস নিরীক্ষণ করতে সমর্থ ছিলাম। তাদের উন্নতি সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করে রাখার মতো সময় আমার কাছে ছিল।

যেহেতু শ্রেণিটি বড় ছিল, আমি দুটো দল করার সিদ্ধান্ত নিলাম যাতে ক্রমান্বয়ে একটি দল অন্যটির জন্য দর্শক হতে পারে। এটা তাদের শ্রবণ দক্ষতার জন্য কার্যকরি ছিল।

ভিডিও: দুটি কাজ ব্যবহার করা

অ্যাক্টিভিটি 5: একটি অধ্যায়কে সংলাপে পরিণত করুন – একটি পরিকল্পিত অ্যাক্টিভিটি

আপনার পাঠ্যবই থেকে, একটি অধ্যায় পছন্দ করুন যেখানে কিছু চরিত্র আছে এবং আপনি সেটাকে সংলাপে পরিণত করতে পারেন। হয়তো আপনি এমন অধ্যায় পেতে পারেন যেখানে ইতিমধ্যেই সংলাপ এবং চরিত্রাবলী আছে।

আপনার পাঠটি পরিকল্পনা করুন এবং আপনাকে সাহায্য করার জন্য এই প্রশ্নগুলি করুন:

- অধ্যায়টিতে কটা চরিত্র আছে?
- আপনার কি আরও চরিত্র সৃষ্টি করার প্রয়োজন যাতে সব শিক্ষার্থীরা একটা করে পার্ট (চরিত্র) পেতে পারে?
- আরও চরিত্র সৃষ্টিতে আপনি শিক্ষার্থীদের কীভাবে যুক্ত করবেন?
- আপনার কি কোন একটি অধ্যায়কে সংলাপের ধরণে তৈরি করতে পুনরায় লেখার দরকার হয়?
- আপনি কীভাবে শিক্ষার্থীদের সংলাপ তৈরি করতে অন্তর্ভুক্ত করেন?
- কোন শব্দ বা বাক্যংশগুলি আপনার বুঝতে এবং উচ্চারণ করতে কঠিন লাগে বলে মনে হয়? আপনি এবং আপনার শিক্ষার্থীরা কীভাবে এগুলো অভ্যাস করবেন?
- সমস্ত শিক্ষার্থীকে অংশগ্রহণ করাতে আপনি আপনার শ্রেনীকে কীভাবে সংগঠিত করবেন?

কীভাবে আপনি আপনার পরিকল্পনা বাস্তবায়িত করতে পারেন সেটার বিষয়ে আপনার সহকর্মীদের সাথে কথা বলুন।

'নাটক' মানে নিখুঁত থিয়েটারি কর্মদক্ষতা নয়। ভাষা শিক্ষার ক্ষেত্রে, নাটক শিক্ষার্থীদের এবং শিক্ষকদের কথোপকথন দক্ষতা উন্নত করতে ও তাদের ব্যবহার করে বার্তালাপ ও চরিত্রগুলির সাথে পরিচিত হওয়ার অভ্যাস গঠনে সাহায্য করে।

শিক্ষার্থীরা ভূমিকায় অভিনয়ের মাধ্যমে, আপনার দ্বারা উৎসাহিত এবং অনুপ্রাণিত হয়ে তাদের ইংরেজি উন্নত করতে পারে। চরিত্র অভিনয়ে, আপনি শিক্ষার্থীদের কল্পিতভাবে কিন্তু পরিচিত পরিস্থিতিতে ইংরেজি ব্যবহার করতে অনুপ্রাণিত করেন। পরবর্তী কেস স্টাডিটি এটা স্পষ্ট করে।

কেস স্টাডি 3: শ্রীমতি স্বপ্না চরিত্রাভিনয়ের ব্যবহার করলেন

শ্রীমতি স্বপ্না চতুর্থ শ্রেণির একজন শিক্ষিকা। শিক্ষার্থীরা প্রথম শ্রেণি থেকেই ইংরেজি শিখতে শুরু করেছে, কিন্তু তারা স্বপ্না ম্যাডামের ক্লাসে কোনরকম ইংরেজী বলতে পারে না।

আমি শিক্ষার্থীদের নিজেদের মধ্যে ইংরেজি অভ্যাস করার জন্য একটা মজার অ্যাক্টিভিটি তৈরি করতে চেয়েছিলাম। আমার শ্রেণির প্রত্যেক কোণে আমি একটা করে ছোট ডেস্ক রেখেছিলাম। প্রত্যেক ডেস্কে আমি ইংরেজিতে একটা করে চিহ্ন রেখেছিলাম।

- Doctor's Office
- Garage
- Ticket Office
- School

আমি শিক্ষার্থীদের প্রশ্ন করেছিলাম: এই স্থানগুলিতে কি ঘটে? এখানে কে কাজ করে? তারা কি বলে? তারা কি ইংরেজিতে কিছু বলে? তারা কি ইংরেজিতে কিছু লেখে? তাদের কাছে জীবনের অভিজ্ঞতা থেকে গৃহীত অনেক ভাবনা ছিল, যেহেতু আমাদের সম্প্রদায়ের অনেক মানুষ কাজের জন্য ইংরেজি ব্যবহার করেন।

আমি তাদের স্পষ্ট করে দিলাম কীভাবে আমি শিক্ষার্থীদের এই স্থানগুলি ব্যবহার করাতে চাই। আমি হয়েছিলাম 'Doctor Sapna'। আমি একটা ডেস্কে বসলাম এবং শিক্ষার্থীদের তাদের নিজেদের সাক্ষাতের জন্য অপেক্ষা করতে বললাম। আমি একজন শিক্ষার্থীকে ডেস্কে ডাকলাম। আমি তাকে প্রশ্ন করলাম: 'Are you sick? What is your problem? I will give you some medicine. You must take it three times a day.' শিক্ষার্থীটির আমাকে যতটা সম্ভব ইংরেজিতে উত্তর দেওয়া সম্ভব, সেটাই চেষ্টা করতে হত।

আমি শিক্ষার্থীদের চারটে দলে ভাগ করলাম, প্রত্যেক চরিত্রে অভিনয় ক্ষেত্রের জন্য একজন করে। আমি শিক্ষার্থীকে প্রত্যেক ক্ষেত্রের দায়িত্ব দিলাম, এটা নিশ্চিত করতে যাতে প্রত্যেকে কথা বলার সুযোগ এবং মূখ্য ভূমিকায় অভিনয় করার সুযোগ পায়।

শুরু করার জন্য, আমি স্বেচ্ছাসেবকদের প্রত্যেক স্থানের চরিত্রে অভিনয়ে নেতৃত্ব দিতে বললাম। আমি অন্যান্যদের তাদের অনুকরণ করতে উৎসাহ দিয়েছিলাম।

আমি প্রত্যেক দলকে সাহায্য করেছিলাম এবং তাদের অ্যাক্টিভিটি নিরীক্ষণ করেছিলাম। 'school' স্থানটি লক্ষ্য করার পক্ষে অত্যন্ত আনন্দজনক ছিল, যেহেতু শিক্ষার্থীরা আমার মত হওয়ার ভান করছিল। আমি শিক্ষার্থীদের কথা আমার মোবাইল ফোনে রেকর্ড করে রেখেছিলাম এবং তাদের শব্দগুলি তাদেরই শুনিয়েছিলাম, যাতে তারা নিজেদের ব্যবহার করা ইংরেজি শুনতে পায়।

অ্যাক্টিভিটি 6: চরিত্রাভিনয়– একটি পরিকল্পিত অ্যাক্টিভিটি

আপনার শ্রেণিতে একটি চরিত্রে অভিনয় ক্ষেত্র তৈরি করুন। আপনি কেস স্টাডি 3-এ ব্যবহৃত উদাহরণগুলি ব্যবহার করতে পারেন অথবা এটা কোন ফলের দোকান, স্বাস্থ্যকেন্দ্র বা বাস স্টেশন হতে পারে। এই অবস্থাগুলিতে আপনি শিক্ষার্থীদের যে সব ইংরেজি শব্দ বা বাক্য ব্যবহার করা শেখাতে চান সেগুলি নিয়ে সিদ্ধান্ত নিন।

আপনার শিক্ষার্থীদের সঙ্গে এই স্থানগুলির বিষয়ে কথা বলুন। তারা নিজেদের মধ্যে কি কথা বলে? যেটি আপনি শিক্ষার্থীদের ব্যবহার করাতে চান সেই ভাষাটি আদর্শ করুন। এই মূখ্য শব্দগুলি বা বাক্যাংশগুলিকে বোর্ডে বা কাগজে লিখে রাখাটা একটা ভালো অভ্যাস।

কম বয়সী শিক্ষার্থীদের শব্দাবলী শিখতে সাহায্য করার জন্য শব্দটির পরে আপনি একটা ছবি আঁকতে পারেন।

তারপর আপনার শিক্ষার্থীদের ওই পরিস্থিতিতে অভিনয় করতে বলুন। আপনি যখন এই ক্ষেত্রগুলিতে আপনার শিক্ষার্থীদের দেখেন, লক্ষ্য করুন ভালো ইংরেজি বলতে পারে এমন শিক্ষার্থী আছে কিনা। তারা কি কম আত্মবিশ্বাসী শিক্ষার্থীদের সাহায্য করছে?

আপনি সেইসব শিক্ষার্থীদের মূল্যায়নও করতে পারেন যারা মাথা নাড়িয়ে নির্দেশ অনুসরণ করে বা 'yes' অথবা 'No' জাতীয় এককথায় উত্তর দিয়ে বোঝায় যে, তারা বুঝেছে কিন্তু কথা বলেনা যদি আপনার কাছে মোবাইল ফোন থাকে, শিক্ষার্থীদের কথা রেকর্ড করুন এবং ভিডিওটি তাদেরই চালিয়ে দেখান।

4 সারসংক্ষেপ

আমরা আশা করি আপনি এই ইউনিটটি উপভোগ করেছেন এবং এটা আপনাকে ইংরেজি পাঠ্যবই থেকে গৃহীত চারুশিল্প, কারুশিল্প এবং নাটকের সমন্বয় করতে কিছু ধারণা এবং আত্মবিশ্বাস প্রদান করেছে।

কেন কিছু কাল্পনিক এবং আকর্ষণীয় কার্যকলাপের পরিকল্পনা করবেন না, যেখানে আপনি আপনার শিক্ষার্থীদের সঙ্গে একসাথে ইংরেজি অভ্যাস করতে পারেন? যখন শিক্ষার্থীরা চারুশিল্প, কারুশিল্প এবং নাটকের মাধ্যমে ইংরেজি শেখে, তখন আপনি তাদের বিদ্যালয়ে বা বাবা মায়ের সামনে উপস্থিত করতে বা তাদের কাজ সম্পাদন করাতে পারেন।

এ বিষয়ে প্রারাম্ভিক স্তরে ইংরেজী শিক্ষকের উন্নয়ন সম্পর্কীত অন্যান্য ইউনিটগুলি হল –

- *পাঠ্যপুস্তককে সৃজনশীলতার সাথে ব্যবহার*
- *গান, ছড়া এবং শব্দ নিয়ে খেলা*
- *একটি পাঠ্য বিষয়ক পরিকল্পনা গঠন করা*
- *ইংরেজি এবং বিষয়বস্তুর সমন্বয়*
- *ইংরেজির জন্য সমাজভিত্তিক সম্পদসমূহ।*

সম্পদসমূহ

সম্পদ 1: চিন্তাশক্তি উন্নত করতে প্রশ্নের ব্যবহার

শিক্ষকরা সবসময়ই তাঁদের শিক্ষার্থীদেরকে প্রশ্ন করেন; প্রশ্ন করা মানে হল শিক্ষকরা তাঁদের শিক্ষার্থীদেরকে শিখতে এবং আরো বেশি শিখতে সাহায্য করতে পারেন। গড়পড়তাভাবে, একজন শিক্ষক একটি পড়ানোর এক-তৃতীয়াংশ সময় তাঁদের শিক্ষার্থীদের প্রশ্ন করাতে ব্যয় করেন (হেস্টিংস, 2003)। করা প্রশ্নগুলির, 60 শতাংশ স্মরণ করানো তথ্য এবং 20 শতাংশ হল পদ্ধতিগত (হেটি, 2012), বেশির ভাগ উত্তরই ঠিক বা ভুল সংক্রান্ত। কিন্তু শুধুমাত্র ভুল বা ঠিক হতে পারে এমন প্রশ্ন জিজ্ঞাসা করা কি শেখায় উন্নতি ঘটাতে পারে?

শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করার মতো বহু ধরনের প্রশ্ন রয়েছে। শিক্ষক যে উত্তর এবং ফলাফল চান তা প্রশ্নের প্রকৃতি নির্দেশ করে যা শিক্ষকের সদ্ব্যবহার করা উচিত। শিক্ষকরা সাধারণত এই উদ্দেশ্যে শিক্ষার্থীদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করেন:

- নতুন বিষয় বা উপকরণের সাথে পরিচয় করাতে শিক্ষার্থীদের বোধকে সেই দিকে পরিচালিত করতে
- শিক্ষার্থীদেরকে তাদের চিন্তা বৃহত্তরভাবে ভাগ করে নেওয়ার জন্য চেষ্টা করাতে
- ভুল সংশোধন করতে
- শিক্ষার্থীদেরকে মানসিকভাবে বিস্তৃত করতে
- বোধগম্যতা পরীক্ষা করতে।

শিক্ষার্থীরা কি জানে তা খুঁজে দেখতে সাধারণত প্রশ্নের ব্যবহার হয়, কাজেই তাদের অগ্রগতির মূল্যায়ন করতে এটি গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদেরকে অনুপ্রাণিত করতে, তাদের চিন্তার দক্ষতা বিস্তৃত করতে এবং উৎসুক মানসিকার বিকাশ ঘটাতেও প্রশ্নগুলি ব্যবহার করা যেতে পারে। এদের দুটি বড় শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে:

- **নিম্নতর-ক্রমের প্রশ্নাবলী**, যার মধ্যে তথ্যের স্মরণ করানো এবং আগে শেখানো জ্ঞান জড়িত থাকে, প্রায়শই আবদ্ধ প্রশ্ন থাকে যার উত্তর হ্যাঁ বা না দিয়ে হয়।
- **উচ্চতর-ক্রমের প্রশ্নাবলী**, যাতে আরো বেশি ভাবনাচিন্তার দরকার হয়। যুক্তিসম্মত উপায়ে কোন মতের সমর্থন করতে বা শিক্ষার্থীদেরকে আগে শেখা তথ্য একত্রিত করে উত্তর গঠন করতে বলতে পারেন। উচ্চতর-ক্রমের প্রশ্নগুলি প্রায়শই উন্মুক্ত হয়ে থাকে।

উন্মুক্ত (Open ended) প্রশ্নগুলি শিক্ষার্থীদেরকে পাঠ্যবই-নির্ভর উত্তরের বাইরে গিয়ে ভাবতে উৎসাহিত করে, এবং এভাবেই উত্তরের ব্যাপ্তি বের করে আনে। উন্মুক্ত প্রশ্নগুলি শিক্ষার্থীদের বিষয়বস্তুর বোধগমত্যা মূল্যায়ন করতেও শিক্ষকদেরকে সাহায্য করে।

শিক্ষার্থীদেরকে উত্তর দিতে উৎসাহিত করা

বহু শিক্ষকই কোন প্রশ্নের উত্তর প্রয়োজন হওয়ার আগে এক সেকেন্ডেরও কম সময় দেন এবং এই কারণে তাঁরা নিজেরাই প্রশ্নটির উত্তর দিয়ে দেন বা প্রশ্নটি পুনর্গঠন করেন (হেস্টিংস, 2003)। শিক্ষার্থীদের কাছে কেবলমাত্র প্রতিক্রিয়া দেওয়ার সময় থাকে- তাদের কাছে ভাববার সময় থাকে না! যদি আপনি উত্তরে জন্য কয়েক সেকেন্ড অপেক্ষা করেন তাহলে শিক্ষার্থীরা চিন্তা করার সময় পাবে। এটি শিক্ষার্থীদের কৃতিত্বের উপর একটি ইতিবাচক প্রভাব ফেলে। একটি প্রশ্ন করার পরে অপেক্ষা করার দ্বারা, নিচের বিষয়গুলো বৃদ্ধি পায়:

- শিক্ষার্থীদের উত্তরের দৈর্ঘ্য
- উত্তরদাতা শিক্ষার্থীদের সংখ্যা
- শিক্ষার্থীদের প্রশ্নের হার
- কম সমর্থ শিক্ষার্থীদের কাছ থেকে উত্তরের সংখ্যা
- শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক পারস্পরিক আদানপ্রদান

আপনার উত্তর গুরুত্বপূর্ণ

যত ইতিবাচকভাবে আপনি প্রদত্ত সকল উত্তরগুলি গ্রহণ করবেন, তত বেশি শিক্ষার্থীরা চিন্তা করা এবং চেষ্টা করা বজায় রাখবে। ভুল উত্তর ও ধারণাগুলির সংশোধন নিশ্চিত করার বহু উপায় আছে। একজন শিক্ষার্থীর ভুল ধারণা অন্য অনেকের মধ্যেই আছে সে সম্পর্কে আপনি নিশ্চিত হতে পারেন। আপনি নিম্নলিখিত বিষয়গুলো চেষ্টা করে দেখতে পারেন:

- উত্তরের সেই অংশগুলি বেছে নিন যেগুলি সঠিক এবং সহায়তাপূর্বক উপায়ে উত্তরগুলি নিয়ে শিক্ষার্থীদেরকে আরেকটু ভাবতে বলুন। এটি আরো সক্রিয় অংশগ্রহণে উত্সাহিত করবে এবং আপনার শিক্ষার্থীদেরকে তাদের ভুল থেকে শিখতে সাহায্য করবে। কীভাবে আপনি সহায়তাপূর্বক উপায়ে কোন ভুল উত্তরে সাড়া দিতে পারেন তা নিম্নলিখিত মন্তব্যগুলির মাধ্যমে দেখানো হলো: ‘বাষ্পীভবন যে মেঘ তৈরী করে সে ব্যাপারে তুমি ঠিকই ছিলে, কিন্তু আমার মনে হয় তুমি বৃষ্টি সম্পর্কে যা বলেছো সেটা আমাদের আরেকটু বেশি ভেবে দেখা উচিত। অন্য কেউ কি কোন ধারণা দিতে পারো?’
- শিক্ষার্থীদের দেওয়া সব উত্তরগুলি ব্ল্যাকবোর্ডে লিখুন এবং তারপর শিক্ষার্থীদেরকে সেগুলির সবকটি নিয়ে ভাবতে বলুন। কোন উত্তরগুলি ঠিক বলে তাদের মনে হয়? কোন ধারণা থেকে অন্য উত্তরগুলি দেওয়া হয়েছিল বলে মনে করা যেতে পারে? এটি শিক্ষার্থীরা যে ভাবনা চিন্তা করছে তা বোঝার জন্য আপনাকে একটি সুযোগ প্রদান করে এবং শিক্ষার্থীদেরকে তাদের মধ্যে থাকতে পারে এমন যে কোন ভুল ধারণা ভীতিহীনভাবে সংশোধনের উপায় প্রদান করে।

সতর্কভাবে শোনা এবং শিক্ষার্থীদেরকে আরও ব্যাখ্যা করতে বলার দ্বারা সব উত্তরগুলিকে মর্যাদা দিন। যদি আপনি ঠিক ভুল নির্বিশেষে সব উত্তরগুলির জন্য আবার ব্যাখ্যা চান, তাহলে শিক্ষার্থীরা প্রায়শই কোন ভুল নিজেরাই ঠিক করে নেবে, আপনি একটি চিন্তাশীল শ্রেণিকক্ষ তৈরি করবেন এবং আপনার শিক্ষার্থীরা কি শিখেছে এবং কীভাবে এগোতে হবে তা আপনি সত্যিই জানবেন। যদি ভুল উত্তর অপমান বা শাস্তিতে পর্যবসিত হয় তাহলে আপনার শিক্ষার্থীরা আবার বিব্রত হওয়া বা উপহাসের ভয়ে চেষ্টা করা বন্ধ করে দেবে।

উত্তরগুলির গুণগত মান উন্নত করা

এটি গুরুত্বপূর্ণ যে আপনি সঠিক উত্তরে শেষ হয় না এমন একটি প্রশ্নের ক্রম অবলম্বনের চেষ্টা করবেন। অনুসরণকারী প্রশ্ন দিয়ে সঠিক উত্তরগুলি পুরস্কৃত হওয়া উচিত, যেগুলি জ্ঞানের বিস্তার ঘটায় এবং শিক্ষার্থীদেরকে শিক্ষকদের সাথে জড়িত হওয়ার সুযোগ প্রদান করে। আপনি এগুলি জিজ্ঞাসা করার দ্বারা এটি করতে পারেন:

- কীভাবে বা কেন
- উত্তর দেওয়ার অন্য উপায়
- আরো ভালো একটি শব্দ
- এটি উত্তর তা প্রতিপন্ন করার প্রমাণ
- একটি প্রাসঙ্গিক দক্ষতার সংযোজন ঘটানো
- একটি নতুন গঠন বিন্যাসে একই দক্ষতা বা যুক্তির প্রয়োগ করা।

আপনার ভূমিকার আরেকটি গুরুত্বপূর্ণ অংশ শিক্ষার্থীদেরকে তাদের উত্তর সম্পর্কে আরো গভীরভাবে চিন্তা করতে সাহায্য করা (এবং এভাবেই তাদের উত্তরের মান উন্নত করা)। নিম্নলিখিত দক্ষতাগুলি শিক্ষার্থীদেরকে আরো বেশি কৃতিত্ব অর্জন করতে সাহায্য করবে:

- **প্ররোচিত** করার জন্য যথাযথ ইঙ্গিত দেওয়া দরকার- যেগুলি শিক্ষার্থীদেরকে তাদের উত্তর উন্নত করতে এবং আরো ভালো করতে সাহায্য করে। প্রথমে আপনি হয়তো বলবার জন্য উত্তরটিতে কি কি সঠিক তা বেছে নিতে পারেন এবং তারপর তথ্য, আরো প্রশ্ন বা অন্যান্য ইঙ্গিত প্রদান করতে পারেন। ('যদি তোমরা তোমাদের কাগজের উড়োজাহাজের শেষে একটি ভার যোগ করো তাহলে কি ঘটতে পারে?')
- **অনুসন্ধান করা** হল আরো বেশি খুঁজে বার করার চেষ্টা, একটি অগোছালো উত্তর বা আংশিক সঠিক উত্তর উন্নত করতে তারা কি বলতে চাইছে তা ব্যাখ্যা করে দেওয়ার দ্বারা শিক্ষার্থীদেরকে সাহায্য করা। ('তাহলে এটা কীভাবে একসঙ্গে খাপ খায় সে সম্পর্কে তুমি আমাকে আর কি বলতে পারো?')
- **পুনরায় দৃষ্টিনিবদ্ধকরণ** হল শিক্ষার্থীদের জ্ঞানের সাথে তাদের আগে শেখা জ্ঞানের সংযোগ সাধন করতে সঠিক উত্তর তৈরী করা। এটি তাদের বোঝাপড়া বৃদ্ধি করে। ('তুমি যা বলেছ তা সঠিক, কিন্তু গত সপ্তাহে আমাদের স্থানীয় পরিবেশের বিষয়ে আমরা যা দেখেছি তার সাথে এটি কীভাবে সম্পর্কযুক্ত?')
- **ক্রমানুসারে** প্রশ্নগুলিকে সাজানো মানে হল চিন্তার সম্প্রসারণ ঘটাতে এক পরিকল্পিত ক্রমে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা। প্রশ্নগুলির মাধ্যমে শিক্ষার্থীদেরকে সারসংগ্রহ করা, তুলনা করা, ব্যাখ্যা বা বিশ্লেষণ করার দিকে চালিত করা উচিত। এমন প্রশ্ন প্রস্তুত করুন যা শিক্ষার্থীদের মানসিক বিস্তার ঘটাবে, কিন্তু তাদেরকে এতটাও সমস্যাবহুল অবস্থায় ফেলবে না যাতে তারা প্রশ্নের মানেই হারিয়ে ফেলে। ('কীভাবে তুমি তোমার আগের সমস্যা অতিক্রম করেছো তা ব্যাখ্যা করো। সেটা কী পার্থক্য তৈরি করেছিল? এর পরে আপনার কি মোকাবিলা করা প্রয়োজন বলে আপনার মনে হয়?')
- **মন দিয়ে শোনা** আপনাকে শুধু আপনার প্রত্যাশিত উত্তর খুঁজতেই সমর্থ করে না, বরং আপনাকে লক্ষ্যণীয় বা উদ্ভাবনমূলক উত্তরের প্রতিও সজাগ করে তোলে যা হয়তো আপনি প্রত্যাশাই করেননি। এছাড়াও এটি দেখায় যে আপনি শিক্ষার্থীদের চিন্তাভাবনার মর্যাদা দিচ্ছেন এবং সে কারণেই তাদের চিন্তাশীল উত্তর দেওয়া আরো বেশি সম্ভবপর হয়। এরকম উত্তরগুলি ভুল ধারণাকে দৃষ্টিগোচর করতে পারে, যা হয়তো সংশোধন করা প্রয়োজন, বা তারা হয়তো একটি নতুন আঙ্গিক দেখাতে পারে, যা আপনি বিবেচনা করে দেখেননি। ('আমি সেটা ভেবেই দেখিনি। তুমি এরকম কেন ভাবলে সেটা নিয়ে আমাকে আরো একটু বলো।')

একজন শিক্ষক হিসাবে, যদি আপনি আপনার শিক্ষার্থীদের কাছ থেকে আকর্ষণীয় এবং উদ্ভাবনী উত্তর পেতে চান, তাহলে আপনার এমন প্রশ্ন জিজ্ঞাসা করা প্রয়োজন যা উদ্বুদ্ধকারী এবং সমস্যাবহুল। তাদেরকে ভাবতে সময় দেওয়া উচিত এবং আপনি দেখে অবাক হবেন, আপনার শিক্ষার্থীরা কতটা জানে এবং কতটা ভালোভাবে আপনি তাদেরকে তাদের শেখায় অগ্রগতি ঘটাতে সাহায্য করতে পারছেন।

মনে রাখবেন, প্রশ্ন করার মানে হলো শিক্ষক কি জানেন তা দেখা নয়, বরং শিক্ষার্থীরা কি জানে তা দেখা। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনার কখনোই নিজের করা প্রশ্নগুলির উত্তর দেওয়া উচিত নয়! যাই হোক না কেন, যদি শিক্ষার্থীরা জেনে যায় যে আপনি তাদেরকে কয়েক সেকেন্ড নীরবতার পরে উত্তর দিয়ে দেবেন, তাহলে উত্তরগুলিতে তাদের উৎসাহ আর কোথায় রইল?

অতিরিক্ত সম্পদসমূহ

- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Textbooks of West Bengal Board of Primary Education and West Bengal Board of Secondary education.

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Amritavalli, R. (2007) *English in Deprived Circumstances: Maximising Learner Autonomy*. Department of Linguistics, The English and Foreign Languages University, University Publishing Online: Foundation Books.

Cummins, J. (undated) 'BICS and CALP' (online), Jim Cummins' Second Language Learning and Literacy Development Web. Available from: http://iteachilearn.org/cummins/bicscalp.html (accessed 2 July 2014).

Cummins, J. (2000) *Language, Power, and Pedagogy: Bilingual Children in the Crossfire*. Bristol: Multilingual Matters.

Gibbons, P. (2002) *Scaffolding Language, Scaffolding Learning: Teaching Second Language Learners in the Mainstream Classroom*. Portsmouth: Heinemann.

Hastings, S. (2003) 'Questioning', *TES Newspaper*, 4 July. Available from: http://www.tes.co.uk/article.aspx?storycode=381755 (accessed 22 September 2014).

Hattie, J. (2012) *Visible Learning for Teachers: Maximising the Impact on Learning*. Abingdon: Routledge.

Krashen, S. (1981) *Second Language Acquisition and Second Language Learning*. Oxford: Pergamon Press.

Krashen, S. (1982) *Principles and Practice in Second Language Acquisition*. Oxford: Pergamon Press.

Mohan, B. (1986) *Language and Content*. Reading, MA: Addison-Wesley.

Mohan, B., Leung, C. and Davison, C. (eds) (2001) *English as a Second Language in the Mainstream: Teaching, Learning and Identity*. New York, NY: Longman.

Wells, G. (2003) 'Children talk their way into literacy', published as 'Los niños se alfabetizan hablando' in García, J.R. (ed.) *Enseñar a escribir sin prisas … pero con sentido*. Sevilla, Spain: Publicaciones MCEP. Available from: http://people.ucsc.edu/~gwells/Files/Papers_Folder/Talk-Literacy.pdf (accessed 8 July 2014).

Wells, G. (2009) *The Meaning Makers: Learning to Talk and Talking to Learn*, 2nd edn. Bristol: Multilingual Matters.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই

উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

Figures 1 and 2: http://www.childrensbooktrust.com

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।